

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে একাডেমিক ট্রান্সফরমেশন ফান্ড (এটিএফ) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ‘ওয়ার্কশপ অন রাইটিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (০৫ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসি’র আয়োজনে উক্ত কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

কর্মশালায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, একাডেমিক গবেষণার ক্ষেত্রে প্রজেক্ট প্রপোজাল বিষয়ে আজকের এই কর্মশালা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বর্তমান সময়ে নানাবিধ সুযোগ সুবিধা সম্বলিত প্রজেক্টের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। শিক্ষকতা পেশায় যারা নতুন তাদের জন্য এ ধরনের প্রজেক্ট সম্ভবনার দ্বার উন্মোচন করবে।

এসময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) বলেন, গবেষণার উপযুক্ত পরিবেশ আমাদের নিশ্চিত করতে হবে এবং একই সঙ্গে ভৌত-অবকাঠামোগত ল্যাব ফ্যাসিলিটিজ বৃদ্ধিতে আমাদের মনোযোগ দিতে হবে। গবেষণার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত হলে ভালো মানের গবেষক সৃষ্টি হবে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম জাকির সাদুল্লাহ খান। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

উল্লেখ্য, হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রজেক্ট এর আওতায় উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে একাডেমিক ট্রান্সফরমেশন ফান্ড (এটিএফ) মঞ্জুর করা হবে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪